# আজ চট্টগ্রাম–কক্সবাজারে নির্বাচনী প্রচারে যাচ্ছেন জামায়াত আমির



জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান। ছবি: সংগৃহীত

নির্বাচন ঘিরে সাংগঠনিক কর্মসূচির অংশ হিসেবে জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান আজ চট্টগ্রাম ও কক্সবাজারের পাঁচটি পৃথক সমাবেশে অংশ নেবেন। সোমবার (২ ফেব্রুয়ারি) সকাল ৯টায় তিনি মহেশখালীতে আয়োজিত জনসভায় বক্তব্য দেবেন। এরপর সকাল ১০টায় কক্সবাজার শহরের বাহারছড়া বীর মুক্তিযোদ্ধা মাঠে ১১ দলীয় ঐক্যের সমাবেশে যোগ দেওয়ার কথা রয়েছে তার। বেলা ১১টার দিকে লোহাগড়ার পদুয়ায় আরেকটি সমাবেশে উপস্থিত থাকবেন তিনি।

দুপুর ২টায় সীতাকুণ্ডে এবং বিকেল ৫টায় চট্টগ্রাম মহানগরের বন্দর স্কুল অ্যান্ড কলেজ মাঠে দিনের শেষ সমাবেশে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখবেন জামায়াত আমির।

সমাবেশগুলো সুষ্ঠুভাবে আয়োজনের জন্য প্রশাসনকে অবহিত করা হয়েছে এবং মঞ্চসহ প্রয়োজনীয় প্রস্তুতি সম্পন্ন হয়েছে বলে সংশ্লিষ্টরা জানিয়েছেন। এসব কর্মসূচিতে চাঁদাবাজি ও দুর্নীতিমুক্ত রাষ্ট্র গঠন এবং ন্যায়ভিত্তিক সমাজ প্রতিষ্ঠা নিয়ে দলের অবস্থান তুলে ধরবেন ডা. শফিকুর রহমান।

LENS ASIA